

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৪.২০২৪. ৬৮


তারিখ: ২৩ মে ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব এনামুল হক (১৭৯৯৭), সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও এর বিরুদ্ধে গত ০১/০১/২০২২ তারিখ থেকে বিনা অনুমতিতে দেশের বাহিরে অবস্থান করেছেন। কলেজ কর্তৃপক্ষ আপনাকে ০৩ (তিন) বার কারণ দর্শানোর নোটিশ দেওয়ার পরেও আপনি কোন জবাব অদ্যাবধি প্রেরণ করেননি এবং কলেজে উপস্থিত হননি। তদপ্রেক্ষিতে এ বিভাগের সরকারি কলেজ-১ শাখা হতে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


২৪/০৬/২৪
(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব এনামুল হক (১৭৯৯৭)
সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান)
গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও।

স্থায়ী ঠিকানা:

জনাব এনামুল হক (১৭৯৯৭)
পিতা: মো: মোশাররফ হোসেন
গ্রাম: পূর্ব বাইদগ্রাম, ডাকঘর: কবিরপুর; থানা: সাভার, জেলা: ঢাকা।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব এনামুল হক (১৭৯৯৭), সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও গত ০১/০১/২০২২ তারিখ থেকে বিনা অনুমতিতে দেশের বাহিরে অবস্থান করছেন। কলেজ কর্তৃপক্ষ তাকে ০৩ (তিন) বার কারণ দর্শানোর নোটিশ দেওয়ার পরেও তিনি কোন জবাব অদ্যাবধি প্রেরণ করেননি এবং কলেজে উপস্থিত না হওয়ার অভিযোগ উত্থাপিত হয়েছে;

জনাব এনামুল হক (১৭৯৯৭), সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান), গফরগাঁও সরকারি কলেজ, গফরগাঁও এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “পলায়ন” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(সোলেমান খান)
সচিব